

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.৯৯.০০৪.২১-

তারিখ- _____ / _____ / ১৪২৯ বঃ
/ _____ / ২০২২ খ্রিঃ

অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-৪ শাখার ২২ আগস্ট ২০২২ তারিখের ০৫.০৭.০০০০.১৭৩.০৮.০০৪.১০-১৮২ সংখ্যক স্মারকমূলে সরকার আগামী ২৪ আগস্ট ২০২২ তারিখ হতে দেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নিম্নরূপভাবে নির্ধারণ করত প্রজ্ঞাপন জারি করেছে:

(ক) রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ৮:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত
(খ) শুক্রবার ও শনিবার	সপ্তাহিক ছুটি

২। এমতাবস্থায়, জারিকৃত প্রজ্ঞাপনের নির্দেশনামতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের দাপ্তরিক কার্যঅধিক্ষেত্রসমূহ বর্ণিত অফিস সময়সূচি অনুযায়ী পরিচালনা এবং অধিদপ্তরের অপারেশনাল কার্যক্রমসমূহ জরুরি পরিসেবা হিসেবে নূতন অফিস সময়সূচির আওতা বহির্ভূত রাখার জন্য অনুরোধ জানানো হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারিকৃত এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

মোঃ ওয়াহিদুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.৯৯.০০৪.২১- ৬০০২

তারিখ- ০৭/০৮/১৪২৯ বঃ
২২/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জন্য প্রেরণ করা হলো:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/অপাঃ ও মেইনঃ/প্রশিঃ, পরিঃ ও উঃ/১১মডার্ণ প্রকল্প/সেফার প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/অপাঃ ও মেইনঃ/উন্নয়ন/পরিকল্পনা কোষ/অ্যান্সুলেপ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৬। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ। আওতাধীন সকল দপ্তর/ফায়ার স্টেশনে অফিস আদেশের কপিটি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
- ৭। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৮। সিনিয়র স্টাফ অফিস, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। অফিস আদেশের কপিটি দাপ্তরিক ওয়েবসাইটে আপলোডকরণের জন্য অনুরোধ জানানো হলো।
- ১০। অত্র অধিদপ্তরের প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/রেকর্ড/অ্যান্সুলেপ/অপারেশন/তদন্ত/কেন্দ্রীয় ক্রয় ও স্টোর/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ছুটি/বাসা বরাদ্দ/পত্র গ্রহণ ও বিতরণ/বেতার শাখা/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ সেল/ফায়ার সেফটি সেল/এইচ আর এম ডাটা/আইসিটি সেল/মিডিয়া সেল/লিগ্যাল এন্ড এস্টেট সেল/গার্ড ফাইল/মাস্টার গার্ড ফাইল।

মামুন মাহমুদ
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)